

নং- ০৫.৪৩.৬৯৫৫.০০০.০৩.০৩১.২০-১৬


তারিখ: ২১ পৌষ ১৪২৬  
০৫ জানুয়ারি ২০২০

### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ১৯ ডিসেম্বর ২০১৯ খ্রি. তারিখের ৫২.০১.০০০.৪০৯.৪০.০৬২.১৯-০৯৪ নং স্মারকের প্রেক্ষিতে বাংলাদেশের নাগরিক এবং শুধুমাত্র নাটোর জেলার নলডাঙ্গা উপজেলার ০৫(পাঁচ)টি ইউনিয়নে প্রতিটি ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের মধ্যে আগ্রহী শিক্ষিত ও বেকার যুবক/যুব মহিলাদের মধ্যে হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে জনশুমারি/গণনাকারী ও সুপারভাইজার মনোনয়ন করা হবে।

#### আবেদনের শর্তাবলী:

- আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা/বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা অভিজ্ঞতা(যদি থাকে) উল্লেখ করতে হবে।
- তালিকাকারী/গণনাকারীর ন্যূনতম যোগ্যতা হবে উচ্চমাধ্যমিক পাস বা সমমান, সুপারভাইজারকে উচ্চমাধ্যমিক পাশ বা সমমান হতে হবে। স্নাতক উত্তীর্ণগণ অন্যান্য যোগ্যতা পূরণ সাপেক্ষে অগ্রাধিকার পাবেন। বিবিএস এর পূর্ববর্তী শুমারি বা জরিপ কাজে অভিজ্ঞতা থাকলে অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন।
- ইংরেজি হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে এবং ফরমের সাথে লেখা সংগতিপূর্ণ হতে হবে।
- প্রার্থীকে মাঠ পর্যায়ে (ডোর টু ডোর) কাজ করার মন-মানসিকতা থাকতে হবে।
- খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করার হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনার দক্ষতা আছে কেবলমাত্র প্রার্থীগণকে এ কার্যক্রমে নিয়োজিত করা হবে। স্মার্টফোনের এন্ড্রয়েট ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব এবং ক্রীম সাইজ অন্তত ৫ ইঞ্চি হতে হবে।
- মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে এবং প্রতিটি জোনে কমপক্ষে ৫০% মহিলা গণনাকারী ও সুপারভাইজার থাকবে।
- আবেদনপত্রের সাথে নিম্নের সকল কাগজপত্র সত্যায়িত কপি দাখিল করতে হবে:  
(ক) পাসপোর্ট সাইজের ৪(চার) কপি ছবি (খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি (গ) জন্ম নিবন্ধন সনদ (আইনে প্রস্তুতকৃত) এর সত্যায়িত ফটোকপি (ঘ) নাগরিকত্ব সনদপত্র (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি (চ) জরিপ/শুমারিতে কাজে কাজের প্রমাণপত্রের ফটোকপি (ছ) ই-মেইল ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- আবেদন পত্রের নমুনা ছক নিম্নস্বাক্ষরকারীর দপ্তর/উপজেলা পরিসংখ্যা অফিস/সকল ইউনিয়ন পরিষদ, নলডাঙ্গা, নাটোর এবং [www.naldanga.natore.gov.bd](http://www.naldanga.natore.gov.bd) এর ওয়েব সাইটে পাওয়া যাবে।
- শুমারি ও জরিপ কাজের শেষে পারিশ্রমিক মোবাইল ব্যাংকিং এবং মাধ্যমে প্রদান করা হবে।
- নির্বাচিত প্রার্থীদের প্যানেলে মাধ্যমে নিয়োগ প্রদান করা হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে মনোনয়ন কার্যক্রম স্থগিত, বাতিল কিংবা সংযোজন ও বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করে।
- উল্লিখিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র আগামী ২০/০১/২০২০ খ্রি. তারিখের মধ্যে (অফিস চলাকালীন) উপজেলা পরিসংখ্যান অফিস, নলডাঙ্গা, নাটোর বরাবর সরাসরি পৌছাতে হবে। আবেদনকারীদের লিখিত পরীক্ষা আগামী ২৪/০১/২০২০ তারিখ সকাল ১১:০০ টায় সময় অনুষ্ঠিত হবে।


  
মোঃ সাকিব-আল-রাব্বি  
উপজেলা নির্বাহী অফিসার  
নলডাঙ্গা, নাটোর।  
ফোন নং- ০৭৭৩২-৫১০০০১  
ইমেইল: [unonaldanga@mopa.gov.bd](mailto:unonaldanga@mopa.gov.bd)

নং- ০৫.৪৩.৬৯৫৫.০০০.০৩.০৩১.২০-১৬

তারিখ: ২১ পৌষ ১৪২৬  
০৫ জানুয়ারি ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যুরো, পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
২. জেলা প্রশাসক, নাটোর
৩. প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নলডাঙ্গা, নাটোর
৫. উপজেলা শিক্ষা অফিসার, নলডাঙ্গা, নাটোর।
৬. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নলডাঙ্গা, নাটোর
৭. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নলডাঙ্গা, নাটোর।
৮. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, নলডাঙ্গা, নাটোর।
৯. মেয়র, নলডাঙ্গা পৌরসভা, নাটোর।
১০. চেয়ারম্যান, ব্রহ্মপুর/মাধনগর/খাজুরা/পিপরুল/বিপ্রবেলঘরিয়া ইউনিয়ন পরিষদ, নলডাঙ্গা, নাটোর।
১১. অফিস কপি।

  
(মোঃ সাকিব-আল-রাহিম)  
উপজেলা নির্বাহী অফিসার  
নলডাঙ্গা, নাটোর।